প্রথম আলো

11 OCT 2016

### কওমি সনদের স্বীকৃতি নিয়ে সেমিনার

# স্বীকৃতি নিয়ে চিন্তা করবেন না : স্বরাষ্ট্রমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক ●

কওমি মাদ্রাসাশিক্ষার সনদের স্বীকৃতির বাস্তবায়ন নিয়ে কোনো চিন্তা না করতে বলেছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। তিনি বলেন, 'মাননীয় প্রধানমন্ত্রী ইসলাম ও আলেমভক্ত মানুষ। আজ তাঁর হাতে বাংলাদেশ। আপনাদের লাখ লাখ শিক্ষার্থীর স্বীকৃতি বাস্তবায়িত হবে না, এটা চিন্তাই করবেন না। প্রধানমন্ত্রী দেশের আলেম-ওলামাদের কথা সব সময় চিন্তা করেন।'

গতকাল সোমবার রাজধানীর ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে 'কওমি মাদ্রাসার শিক্ষাসনদ : গুরুত্ব ও প্রয়োজনীয়তা' শীর্ষক সেমিনারে স্বরাষ্ট্রমন্ত্রী এসব কথা বলেন। কওমি শিক্ষাসনদ স্বীকৃতি বাস্তবায়ন পরিষদ নামে একটি সংগঠন এর আয়োজন করে।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, 'সারা দেশে এমন কোনো থানা বা ইউনিয়ন নেই, যেখানে কওমি মাদ্রাসা নেই। কওমির এই লাখ লাখ সন্তান কেন স্বীকৃতিবিহীন থাকবে? এসব শিক্ষার্থী তো কেবল দ্বীন নয়, দুনিয়ার বিদ্যাও অর্জন করছে। তাহলে তারা কেন স্বীকৃতি পাবে না? এটা আমারও প্রশ্ন।' তিনি মাওলানা ফরিদ উদ্দীন মাসউদের নেতৃত্বে স্বীকৃতির বিষয়ে এগিয়ে আসা আলেমদের স্বাগত জানান।

চট্টগ্রামের জিরি মাদ্রাসার পরিচালক শাহ মুহাম্মদ তৈয়্যবের সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি ছিলেন ধর্মমন্ত্রী মতিউর রহমান। স্বাগত বক্তব্য দেন ইকরা বাংলাদেশের পরিচালক মাওলানা ফরিদ উদ্দীন মাসউদ।

প্রসঙ্গত, গতকাল কওমির স্বীকৃতির বিষয়ে দুটি পক্ষ মিরপুরের আজরাবাদ মাদ্রাসা ও ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনে পাল্টাপাল্টি কর্মসূচি দেয়। এর মধ্যে ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনে সভাপতিত্ব করা শাহ মুহাম্মদ তৈয়্যব আজরাবাদে ওলামা সম্মেলনেও বক্তব্য দেন। সেখানে তিনি দেওবন্দের আদলে কওমি স্বীকৃতির দাবি করেন। এ ছাড়া চরমোনাই পীরের দল ইসলামী আন্দোলনের কেন্দ্রীয় নেতা আতাউর রহমান আরেফী ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনে এবং দলের সাবেক মহাসচিব নুরুল হুদা ফয়েজী আজরাবাদে বক্তব্য দেন।